বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ০৪/১১/২০১৫ খ্রীঃ

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল চত্ত্বরে জাতীয় কৃষি প্রদর্শনী কেন্দ্র এর শুভ উদ্বোধন অনুষ্ঠিত

জাতীয় কৃষি প্রদর্শনী কেন্দ্র, (National Agricultural Display Centre), বিএআরসি এর শুভ উদ্বোধন অদ্য ৪ নভেম্বর ২০১৫ রোজ বুধবার, সকাল ১০.০০ ঘটিকায় কাউন্সিল চত্ত্বর, ফার্মগেট, ঢাকায় অনুষ্ঠিত হয় । জনাব মোঃ মকবুল হোসেন, মাননীয় সংসদ সদস্য এবং সভাপতি, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি প্রধান অতিথি হিসেবে কাউন্সিল চত্ত্বরে নব-প্রতিষ্ঠিত জাতীয় কৃষি প্রদর্শনী কেন্দ্রটির উদ্বোধন করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত কৃষি সচিব জনাব শ্যামল কান্তি ঘোষ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. আবুল কালাম আযাদ ।

জাতীয় কৃষি প্রদর্শনী কেন্দ্র, বিএআরসি এর উদ্বোধনের পর মাননীয় সংসদ সদস্য জনাব মোঃ মকবুল হোসেন কৃষি সচিব জনাব শ্যামল কান্তি ঘোষ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. আবুল কালাম আযাদ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর মহা-পরিচালক ড. মোঃ রফিকুল ইসলাম মন্ডল, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর মহা-পরিচালক ড. জীবন কৃষ্ণ বিশ্বাস এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহা-পরিচালক জনাব মোঃ হামিদুর রহমান সহ জাতীয় কৃষি গবেষণা সিস্টেমভুক্ত প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠান প্রধানগণ এবং গবেষণা ও সম্প্রসারণ প্রতিষ্ঠানসমূহের উর্দ্ধতন কর্মকর্তগণ কেন্দ্রটি পরিদর্শন করেন। অনুষ্ঠানে কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের ১৫০ জন বিজ্ঞানী/ কর্মকর্তা উপস্থিত ছিলেন।

পরে কেন্দ্রটির শুভ উদ্বোধন বিষয়ক এক সংক্ষিপ্ত আলোচনা সভায় জনাব মোঃ মকবুল হোসেন, মাননীয় সংসদ সদস্য এবং সভাপতি, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি তাঁর বক্তব্যে জাতীয় কৃষি প্রদর্শনী কেন্দ্র, বিএআরসি এর প্রতিষ্ঠার জন্য কাউন্সিলকে ধন্যবাদ জানিয়ে এ ধরনের কেন্দ্র স্থাপনকে একটি প্রসংশনীয় উদ্যোগ বলে বর্ণনা করেন। কৃষি সচিব জনাব শ্যামল কান্তি ঘোষ জাতীয় কৃষি প্রদর্শনী কেন্দ্র, বিএআরসি এর সার্বিক উন্নয়ন এবং এটিকে একটি মানসম্মত প্রদর্শনী কেন্দ্রে পরিণত করার নিমিত্ত বিএআরসিকে সর্বাত্বক সহযোগিতা প্রদানের জন্য জাতীয় কৃষি গবেষণা সিস্টেমভুক্ত প্রতিষ্ঠানসমূহের প্রধানদের অনুরোধ করেন। উল্লেখ্য জনাব মোঃ আবিদ হোসেন চৌধুরী, পরিচালক (কম্পিউটার ও জিআইএস ইউনিট), বিএআরসি জাতীয় কৃষি প্রদর্শনী কেন্দটির উপর একটি সংক্ষিপ্ত উপস্থপনা উপস্থাপন করেন।

উল্লেখ্য যে, জাতীয় কৃষি জাদুঘর প্রতিষ্ঠার প্রাথমিক পদক্ষেপ হিসেবে জাতীয় কৃষি প্রদর্শনী কেন্দ্র (National Agricultural Display Centre) বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা চত্বরে স্থাপন করা হয়েছে। কৃষিতে বাংলাদেশ উল্লেখযোগ্য অগ্রগতি ও সফলতা লাভ করেছে। দেশ আজ খাদ্যে স্বয়ংসম্পূর্ণ এবং কিছু কিছু ক্ষেত্রে উদ্বৃত্ত খাদ্য উৎপাদনের ফলে স্বল্প পরিসরে রপ্তানিও হচ্ছে। প্রাগঐতিহাসিকাল থেকে কৃষি বাংলাদেশের অর্থনীতির চালিকাশক্তি হিসেবে বিবেচিত হয়ে আসছে। কৃষিতে বাংলাদেশের ইতিহাস-ঐতিহ্য ধরে রাখা এবং তা প্রদর্শনের জন্য এই প্রদর্শনী কেন্দ্র স্থাপন করা হয়েছে। এই কেন্দ্র পরিদর্শনের মাধ্যমে দেশের কৃষি গবেষণা প্রতিষ্ঠানসমূহ কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তিসমূহ সম্পর্কে জানা যাবে। তাছাড়া, দেশের কৃষির ইতিহাস-ঐতিহ্য, ধারাবাহিক বিবর্তন ও উন্নয়ন, জাতীয় অর্থনীতিতে এবং জীবন ও জীবিকায় এর অবদান ইত্যাদি বিষয় সম্পর্কে অবগত হওয়া যাবে। বিগত বেশ কিছুদিন ধরেই জাতীয় কৃষি জাদুঘর স্থাপনের প্রচেষ্টা চালানো হচ্ছিল। এই প্রচেষ্টার অংশ হিসেবে National

Agricultural Technology Project এর আওতায় বিভিন্ন দেশে এ ধরনের স্থাপনা পরিদর্শন করা হয় এবং এ সম্পর্কিত লব্ধ অভিজ্ঞতার আলোকে এই জাতীয় কৃষি প্রদর্শনী কেন্দ্রটি স্থাপনের প্রচেষ্টা করা হয়েছে।

কাউন্সিল চত্ত্বরে অবস্থিত দু'তলা বিশিষ্ট জাতীয় কৃষি প্রদর্শনী কেন্দ্রটির মোট আয়তন ৪৪০০ বর্গফুট (প্রতি ফ্লোরের আয়তন ২২০০ ব.ফু)। নীচ তলায় আছে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল ও জাতীয় কৃষি গবেষণা সিস্টেম (এনএআরএস) ভুক্ত ১২টি গবেষণা প্রতিষ্ঠানসহ মোট ১৩টি প্রতিষ্ঠানের উদ্ভাবিত বিভিন্ন প্রযুক্তি, উৎপাদিত দ্রব্য, গবেষণাসহ বিভিন্ন ধরণের কৃষি বিষয়ক প্রকাশনা। দ্বিতীয় তলায় টাচ স্ক্রীন ও টিভি ডিসপ্লে স্ক্রীনের মাধ্যমে কৃষির ইতিহাস, ঐতিহ্য, ধারাবাহিক বিবর্তন, জাতীয় অর্থনীতিতে কৃষির অবদান এবং জাতীয় কৃষি গবেষণা প্রতিষ্ঠানসমূহের পরিচিতি ও গবেষণা কর্মকান্ড জানা যাবে। এছাড়াও, জাতীয় কৃষি গবেষণা প্রতিষ্ঠানসমূহ কর্তৃক উদ্ভাবিত বিভিন্ন ফসলের জাত ও কৃষি যন্ত্রপাতিসহ কৃষি প্রযুক্তি-তথ্যের ডিজিটাল ফর্মে প্রদর্শনের ব্যবস্থা আছে। কৃষি গবেষণা প্রতিষ্ঠানসমূহ কর্তৃক উদ্ভাবিত সম্ভাবনাময় প্রযুক্তির ভিডিও, ভেজাল সার চেনা, মাটির মায়া, সঠিক মাত্রায় জমিতে সার প্রয়োগ, ভাসমান কৃষি পদ্ধতিতে ফসল চাষ ইত্যাদি সম্পর্কিত ডকুমেন্টারি ভিডিও প্রদর্শনের ব্যবস্থা আছে।

জাতীয় কৃষি প্রদর্শনী কেন্দ্রটি পরিদর্শনের মাধ্যমে গবেষক, শিক্ষক, সম্প্রসারণকর্মী, নীতিনির্ধারক, উন্নয়ন সহযোগী এবং শিক্ষার্থীগণ উপকৃত হবেন। বিদেশ থেকে আগত সরকারি প্রতিনিধি/ আঞ্চলিক ও আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধি/ অতিথিবৃন্দ এই কেন্দ্র পরিদর্শনের মাধ্যমে বাংলাদেশের কৃষি তথা কৃষি গবেষণা ও উন্নয়ন বিষয়ে সম্যক ধারণা লাভ করতে পারবেন। বিশেষভাবে, বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষার্থীগণ কেন্দ্রটি পরিদর্শনের মাধ্যমে কৃষি সম্পর্কিত জ্ঞান ও অভিজ্ঞতা অর্জনে সক্ষম হবে।

জাতীয় কৃষি গবেষণা সিস্টেমভুক্ত প্রতিষ্ঠান প্রধানদের সমন্বয়ে গঠিত বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল নির্বাহী পরিষদ এ্যাডভাইজরি কমিটি হিসেবে কেন্দ্রটির সুষ্ঠু ব্যবস্থাপনা ও পরিচালনার জন্য সময় সময় প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবে। তদনুযায়ি, জাতীয় কৃষি গবেষণা সিস্টেমভুক্ত প্রতিটি প্রতিষ্ঠানের ফোকাল পয়েন্ট এবং বিএআরসি'র সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত কমিটি কেন্দ্রটির প্রদর্শিত বস্তু এবং ডিজিটাল কনটেন্টসমূহ সংযোজন ও আপডেট করার ব্যবস্থা গ্রহন করবে। এর ফলে কেন্দ্রটির উত্তরোত্তর উন্নয়ন সম্ভব হবে বলে আশা করা যায়।

স্বাক্ষরিত/
(মো: মুস্তাফিজুর রহমান)
প্রিন্সিপাল ট্রেনিং অফিসার (অ.দা)
ফোন: ৯১৩২৪১২/ ০১৭১৭১৭১৯৮৬

ফোন: +৮৮০-২-৯১৩৫৫৮৭, +৮৮০-২-৯১১০৮৪২; ফ্যাক্স: +৮৮০-২-৯১২৮০৬১, +৮৮০-২-৮১১০৯২৪
ই-মেইল: ec-barc@barc.gov.bd, info@barc.gov.bd; ওয়েবসাইট: www.barc.gov.bd